গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ ।
www.shantiganj.sunamganj.gov.bd

স্মারক নং- ০৫.৪৬.৯০১১.০০০.০২.০০১.২৫- ৬৭

তারিখ : ০৪ মাঘ ১৪৩২
১৮ জানুয়ারি ২০২৬

## নৌকাঘাট ইজারা সংক্রান্ত দরপত্র বিজ্ঞপ্তি নং-০১/১৪৩৩

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শান্তিগঞ্জ উপজেলা প্রশাসনের ব্যবস্থাপনাধীন নিম্নবর্ণিত নৌকাঘাট সমূহ ১লা বৈশাখ ১৪৩৩ হতে ৩০ চৈত্র ১৪৩৩ বঙ্গাব্দ মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত ইজারা গ্রহণে ইচ্ছুক প্রতিষ্ঠান/ব্যক্তিদের নিকট থেকে নির্ধারিত ফরমে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র ক্রয়ের তারিখ ৫/০২/২০২৬ হতে ০৫/০৩/২০২৬ তারিখ পর্যন্ত। দরপত্রসমূহ আগামী ১০/০৩/২০২৬ তারিখ দাখিল করতে হবে এবং ঐদিন ইজারা কার্যক্রম চূড়ান্ত না হলে আগামী ১৬/০৩/২০২৬ তারিখ এবং ক্রমশ ২৪/০৩/২০২৬, ৩০/০৩/২০২৬, ০৭/০৪/২০২৬, ১৬/০৪/২০২৬, ২২/০৪/২০২৬, ২৮/০৪/২০২৬, ০৫/০৫/২০২৬, ১২/০৫/২০২৬, ২৫/০৫/২০২৬, ০৩/০৬/২০২৬, ১৫/০৬/২০২৬, ৩০/০৬/২০২৬, ০৭/০৭/২০২৬ তারিখ দরপত্র দাখিল করা যাবে।

## ১৪৩৩ বঙ্গাব্দ সনে ইজারাযোগ্য নৌকাঘাটের তালিকা ঃ

| ক্রঃ নং | নৌকাঘাটের নাম | ইউনিয়নের নাম | ১৪৩৩ বাংলা সনের সরকারি ইজারামূল্য |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৬ |
| ১ | ছয়হারা নৌকাঘাট | দরগাপাশা | ১,৫৫,৭২৪/- |
| ২ | ডাবর নৌকাঘাট | পূর্ব পাগলা | ৫৫৩৭/- |
| ৩ | বীরগাঁও বাজার নৌকাঘাট | পূর্ব বীরগাঁও | ২৪,২৩৬/- |
| ৪ | পাথারিয়া ভাটিপাড়া নৌকাঘাট | পাথারিয়া | ১,৯১,২৪৭/- |

### দরপত্র দাখিলের শর্তাবলী ঃ

১। দরপত্রের সাথে দরপত্রে উল্লিখিত দরের ৩০% অর্থ জামানত হিসেবে তফসিলি ব্যাংকের ব্যাংক ড্রাফ্ট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ এর অনুকূলে দাখিল করতে হবে। উক্ত ২০% জামানতের অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং অবশিষ্ট ১০% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ব্যাংক ড্রাফ্ট/জামানত সুনামগঞ্জ সদর/ শান্তিগঞ্জ উপজেলা তফসিলি ব্যাংকের যে কোন শাখার হতে হবে।

২। দরপত্র ফরম উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শান্তিগঞ্জ হতে নগদ ২০০/-(দুইশত) টাকা মূল্যে (অফেরতযোগ্য) দরপত্র দাখিলের পূর্ব দিবস পর্যন্ত (অফিস চলাকালীন) ক্রয় করা যাবে।

৩। দরপত্র ফরম যে তারিখে ক্রয় করা হবে তৎপরবর্তী টেন্ডার দাখিলের তারিখে তা দাখিল করতে হবে। অন্যথায় উক্ত দরপত্র বাতিল ও অকার্যকর বলে গণ্য হবে।

৪। সীলমোহরযুক্ত খামে দরপত্র দাখিলের তারিখ দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শান্তিগঞ্জ এর রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করা যাবে এবং ঐ দিন বেলা ৩.০০ ঘটিকায় দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

৫। একটি ফরমে কেবলমাত্র একটি নৌকাঘাটের জন্য দরপত্র দাখিল করা যাবে। খামের উপর যে নৌকাঘাটের জন্য দরপত্র দাখিল করা হবে তার নাম স্পষ্ট অক্ষরে লিখতে হবে। যে নৌকাঘাটের নামে দরপত্র ক্রয় করা হবে শুধুমাত্র সেই নৌকাঘাটের নামেই দরপত্র দাখিল করতে হবে।

৬। একটি ঘাটের জন্য দাখিলকৃত একাধিক দরপত্রে প্রদর্শিত মূল্য সমান হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে গণ্য হবে।

৭। দরপত্রে উদ্ধৃত দর কাঙ্খিত ইজারামূল্যের চেয়ে কম হলে উহা গ্রহণযোগ্য হবে না।

৮। দাখিলকৃত দরপত্র অনুমোদিত হলে অনুমোদনের ৭(সাত) দিনের মধ্যে দরদাতা অবশিষ্ট সমূদয় টাকা পরিশোধ করবেন। অনুমোদিত দরদাতাকে প্রস্তাবিত মূল্যের উপর সরকার কর্তৃক আরোপিত ১০% অর্থ আয়কর ও ১৫% অর্থ ভ্যাটসহ অন্যান্য করাদি (দরপত্র উল্লিখিত দরের অতিরিক্ত/নির্ধারিত) হারে প্রদান করতে হবে। অন্যথায় তার দরপত্র বাতিল বলে গণ্য হবে এবং দরপত্রের সাথে প্রদেয় ব্যাংক ড্রাফ্ট এর অর্থ বাজেয়াপ্ত করা হবে। হাল সন পর্যন্ত নবায়নকৃত আয়কর নাম্বারধারী ব্যক্তি/সমিতি/প্রতিষ্ঠান ব্যতীত অন্য কেউ ইজারা কার্যক্রমে অংশ নিতে পারবে না।

৯। দরপত্র দাখিলের পর তা গৃহীত হলে এবং সম্পূর্ণ ইজারামূল্যে পরিশোধ করা হলে যথাযথভাবে চুক্তিপত্র সম্পাদনের পর ঘাটের দখল প্রদান করা হবে। ইজারাদারকে নিজ দায়িত্বে ও নিজ ব্যয়ে নিম্নস্বাক্ষরকারীর অফিসে চুক্তিপত্র সম্পাদন করে সরেজমিনে ঘাটের দখল গ্রহণ করতে হবে। ইজারাদারের গাফিলতির কারণে দখল পেতে বিলম্ব হলে তজ্জন্য কর্তৃপক্ষ দায়ী হবে না।

CamScanner

১০। কালেক্টর কর্তৃক অনুমোদিত টোল আদায়ের হারের তালিকা জনসাধারণের অবগতির জন্য ঘাটের প্রকাশ্য স্থানে ইজারাদার কর্তৃক টাঙ্গিয়ে রাখতে হবে এবং নির্ধারিত হারে টোল আদায় করতে হবে, অন্যথায় ইজারা বাতিল করা হবে।

১১। অসম্পূর্ণ/অস্পষ্ট/ত্রুটিপূর্ণ/কাটাকাটিযুক্ত দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১২। ইজারাদারকে ইজারা চুক্তির শর্ত এবং সরকার ও ইজারাদাতা কর্তৃক অরোপিত শর্ত সমূহ মেনে চলতে হবে। ইজারা চুক্তি লঙ্ঘন হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১৩। দরদাতাকে নৌকাঘাটের বাস্তব অবস্থা ও ইজারা শর্তাবলী সম্পর্কে অবগত হয়ে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাখিলের পর এ বিষয়ে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১৪। কোন ঘাটের উপর বিজ্ঞ আদালত/কর্তৃপক্ষ কর্তৃক নিষেধাজ্ঞা/স্থগিতাদেশ থাকলে ঐ ঘাটের উপর এ বিজ্ঞপ্তি প্রযোজ্য হবে না।

১৫। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৮.০১.২০২৬

(মোহাম্মদ শাহজাহান)
উপজেলা নির্বাহী অফিসার
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।
unosouthsunam...@gmail.com

স্মারক নং- ০৫.৪৬.৯০১১.০০০.০২.০০১.২৫- ৮১/১ (৬০০)

তারিখ : ০৪ মাঘ ১৪৩২
১৮ জানুয়ারি ২০২৬

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে ঃ**

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সবিচালয়, ঢাকা (সদয় অবগতির জন্য)।
২। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৩। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
৫। অতিরিক্ত জেলা প্রাশাসক (রাজস্ব), সুনামগঞ্জ।
৬। প্রশাসক, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ।
৭। উপজেলা নির্বাহী অফিসার.................................................... (সকল), সুনামগঞ্জ।
৮। সহকারী কমিশনার (ভূমি).............................................................. (সকল), সুনামগঞ্জ।
৯। উপজেলা ........................................অফিসার (সকল), শান্তিগঞ্জ।
১০। সাব রেজিস্ট্রার, শান্তিগঞ্জ।
১১। চেয়ারম্যান...................................................ইউপি (সকল), শান্তিগঞ্জ (বহুল প্রচারের জন্য)।
১২। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, পাগলা/পাথারিয়া, শান্তিগঞ্জ। তার অধিক্ষেত্রের হাট বাজারে ঢোল সহরতের মাধ্যমে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৩। বিজ্ঞাপন ব্যবস্থাপক ..............................................। বিজ্ঞাপনটি সংক্ষিপ্ত আকারে (স্বল্প পরিসরে ভিতরের পাতায়) তার পত্রিকায় আগামী .............. খ্রিঃ তারিখের পূর্বে যে কোন ০১ (এক) দিন ছাপিয়ে বিলসহ পত্রিকার কপি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৪। জনাব ................................................., সাবেক ইজারাদার, ........................বাজার, সাং-................................................. উপজেলা ................................. জেলা-সুনামগঞ্জ।

১৮.০১.২০২৬

উপজেলা নির্বাহী অফিসার
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

CS CamScanner